শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

কাশিনাথপুর, পাবনা।

মুজিব বর্ষ

ISO 9001:2015 CERTIFIED

ফোনঃ অফিস ঃ ০২৫৮৮৮৮৮১৮৮

E-Mail: gmppbs2@gmail.com, Web Site: www.pbs2.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬৭২.৫০৮.০২.০০৮.২৩. ৬৮০৭ তারিখঃ ০৯ আগষ্ট, ২০২৩ খ্রিস্টাব্দ। ২৫ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ।

বিষয়ঃ দৈনিক মজুরী ভিত্তিতে নিরাপত্তা কর্মী (কাজ নাই মজুরী নাই) নিয়োগের জন্য বিজ্ঞপ্তি"।

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ইনডোর উপকেন্দ্র এবং সুইচিং স্টেশনে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে "নিরাপত্তা কর্মী" নিয়োগের নিমিত্ত দৈনিক মজুরী (কাজ নাই মজুরি নাই) ভিত্তিতে "নিরাপত্তা কর্মী " পদে নিয়োগের প্যানেল তৈরীর জন্য যোগ্যতা সম্পন্ন পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা পুরুষ নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	বয়স সীমা	মজুরী	শিক্ষাগত প্রয়োজনীয় যোগ্যতা	যে জেলার স্থায়ী প্রার্থীগণ আবেদন করতে পারবেন
০১	নিরাপত্তা কর্মী (দৈনিক মজুরী ভিত্তিতে) (পুরুষদের জন্য সংরক্ষিত)।	০৯/০৮/২০২৩খ্রিঃ তারিখে বয়স সীমা ন্যূনতম ১৮ এবং অনুর্ধ্ব ৬৫ বছর।	পবিস সমূহে নিরাপত্তা কর্মীর কাজের অনুমতি সংক্রান্ত নীতিমালা অনুযায়ী দৈনিক মজুরী ৪০০.০০ (চারশত) টাকা।	ক) শিক্ষাগত যোগ্যতা ন্যূনতম ৮ম শ্রেণি/ সমমান পাশ হতে হবে। খ) প্রার্থীকে বাংলা ও ইংরেজি ভাষায় লেখা এবং পড়ার ন্যূনতম দক্ষতা থাকতে হবে। গ) প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর হতে হবে। ঘ) প্রার্থীকে অবশই সৎ,বিশ্বস্ত, কর্মঠ ও উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। ঙ) প্রার্থীকে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারীসহ ব্যক্তিত্ব সম্পন্ন এবং শারীরিকভাবে সক্ষম হতে হবে। উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	শুধুমাত্র পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ভৌগোলিক এলাকায় স্থায়ীভাবে বসবাসকারী পুরুষ নাগরিকগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলীঃ

০১। **আবেদনপত্র পুরণ ও জমাদানঃ** আগ্রহী প্রার্থীগণ পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর ওয়েব সাইট (www.pbs2.pabna.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং-১১০-০০২, ভার্সন-০১) A4 কাগজে ডাউন লোড় পূর্বক স্ব-হস্তে পূরণ করে আগামী ২৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২, কাশিনাথপুর, পাবনা এর বরাবরে ডাকযোগে, হাতে হাতে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। সাদা কাগজে টাইপকৃত, ভুল পূরণকৃত এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। নিরাপত্তা কর্মী হিসেবে অনুমতি লাভে আগ্রহী প্রার্থীগণকে শিক্ষাগত যোগ্যতার (মার্কশীট ও প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়) সনদপত্রের সত্যায়িত কপি, জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন কপি, স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন এর চেয়ারম্যান/মেয়র কর্তৃক প্রদত্ত চারিত্রিক ও নাগরিকত্ব সনদের কপি, সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১ কপি আবেদন ফর্মের নির্ধারিত স্থানে ও ১ কপি ছবি প্রবেশ পত্রের নির্ধারিত স্থানে আইকা/আঠা দিয়ে লাগাতে হবে এবং ১ কপি স্ট্যাপলার পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নাম আইডি সম্বলিত সীল দ্বারা সকল কাগজপত্র ও ছবি সত্যায়িত হতে হবে।

০৩। নিবার্চিত প্রার্থীকে দৈনিক (কাজ নাই মজুরী নাই) ভিত্তিতে পবিস কর্তৃপক্ষ কর্তৃক নিরাপত্তা কর্মী হিসেবে কাজের অনুমতি প্রদান করা হবে এবং দৈনিক মজুরী হবে ৪০০/- (চারশত) টাকা, যা মাসিক ভিত্তিতে প্রদান করা হবে। তবে ভবিষ্যতে বাজারমূল্য বিবেচনায় বাপবিবোর্ডের যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মজুরী হ্রাস/বৃদ্ধি হতে পারে। নিরাপত্তা কাজের অনুমতিপ্রাপ্ত প্রহরী দৈনিক রাত্রিকালীন ০৮ ঘন্টা সময়কালের জন্য দায়িত্ব পালনে নিয়োজিত থাকবেন। নিয়োজিত থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্য সমূহ যথাযথভাবে সম্পাদন করতে হবে।

চলমান পাতা

০৪। যেদিন কর্মে নিয়োজিত থাকবে নিয়ন্ত্রণকারী কর্মকর্তার প্রত্যয়নের ভিত্তিতে শুধুমাত্র সেদিনের জন্য ৪০০/- (চারশত) টাকা মজুরী পাবেন; এক্ষেত্রে কোন ভাতা, বোনাস পাবেন না।

০৫। অনুমতিপ্রাপ্ত নিরাপত্তা কর্মীর নিজ নামে ব্যাংকে একটি হিসাব নম্বর থাকবে এবং তাতে মাসিক ভিত্তিতে মোট মজুরী প্রদান করা হবে।

০৬। এ ধরণের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ ভবিষ্যতে কোন ক্রমেই স্থায়ী করা হবে না বা প্রার্থীর এ বিষয়ে কোন দাবি গ্রহণযোগ্য হবে না।

০৭। পুলিশ প্রশাসন কর্তৃক প্রাক-পরিচয় যাচাই করা হবে । পুলিশ ভেরিফিকেশন রির্পোট সন্তোষজনক না হলে/ কোন প্রকার তথ্য গোপনের সত্যতা পাওয়া গেলে তাৎক্ষণিকভাবে তার কাজের অনুমতিপত্র বাতিল করা হবে।

০৮। অনুমতি প্রদানের সময় কোন রেজিস্টার্ড চিকিৎসক/পবিসের রিটেইনার চিকিৎসক দ্বারা শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে।

০৯। অনুমতি প্রদানের সময় নিরাপত্তা কর্মী কর্তৃক নিরাপত্তা জামানত হিসেবে ১০,০০০/- (দশ হাজার) টাকা জমা প্রদান করতে হবে, যা সন্তোষজনক সেবা প্রদান শেষে সমিতি কর্তৃক ফেরত প্রদান করা হবে।

১০। অনুমতি প্রাপ্ত প্রত্যেক নিরাপত্তা কর্মীকে পবিস কর্তৃক ইউনিফর্ম (শার্ট, প্যান্ট, জুতা, টুপি) ও অন্যান্য সরঞ্জাম (বাঁশি, টর্চ, লাঠি, ছাতা) সরবরাহ করা হবে।

১১। প্রার্থীকে পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর যে কোন ইনডোর উপকেন্দ্র অথবা সুইচিং স্টেশনে নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে নিরাপত্তা কর্মী হিসেবে নিয়োজিত থাকতে সম্মত হতে হবে।

১২। অবাধ্যতা, অননুমোদিত অনুপস্থিতি, অযোগ্যতা, অসদাচরণ বা দুর্নীতির দায়ে দোষি হলে তাৎক্ষণিক তার সেবা গ্রহণ বন্ধ করা হবে।

১৩। যে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে অনুমতি হতে অব্যাহতি প্রদান করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত থাকবে এবং শর্তাবলীতে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

১৪। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে তাৎক্ষণিকভাবে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

১৫। খামের উপর প্রার্থীর পদের নাম সুস্পষ্টভাবে লিখতে হবে।

১৬। বাছাই/নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। নির্বাচনী পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মুল কপি প্রদর্শন করতে হবে।

১৭। অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী বাছাই/নিবার্চন/অনুমতিপত্র প্রদান সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত-ই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ মজিবুল হক)
জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধসহ)।

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.......................................পবিস-১/২/৩/৪।
০৪। ডিজিএম, আতাইকুলা/কারিগরী/বেড়া/সুজানগর জোনাল অফিস, পাবনা পবিস-২।
০৫। এজিএম (ওএন্ডএম), সাঁথিয়া /বাঁধেরহাট/শ্রীপুর সাব-জোনাল অফিস, পাবনা পবিস-২।
০৬। এজিএম (এমএস/ওএন্ডএম/প্রশাসন/অর্থ/ইএন্ডসি/আইটি/এইচআর) ,পাবনা পবিস-২।
০৭। নোটিশবোর্ড/ওয়েব সাইট, পাবনা পবিস-২।
০৮। অফিস কপি/মাস্টার কপি।

(মোঃ মজিবুল হক)
জেনারেল ম্যানেজার।

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

ISO 9001:2015 CERTIFIED

নিরাপত্তা কর্মী (দৈনিক মজুরী ভিত্তিতে) পদে চাকুরীর আবেদন ফরম

(ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১)

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

জেনারেল ম্যানেজার
পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং---------------------

৩. পদের ধরণঃ অস্থায়ী

নিরাপত্তা কর্মী,(দৈনিক মজুরী ভিত্তিতে)
২. আবেদনকৃত পদের নাম

--------------------------------- --------------------------------

৪. বিজ্ঞাপনের সূত্র /পত্রিকার নাম ৫. প্রকাশনার তারিখ

------------------------------- ------------------------------- --

৬. আবেদনকারীর পূর্ণ নাম(বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ৭. জন্ম তারিখ (----পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

---------------------------------- -----/-----/--------(দিন/মাস/বছর)

৮. মাতার নাম ৯. বয়স (০৯/০৮/২০২৩ খ্রিঃ তারিখে)

---------------------------------- --------------------------------------

১০. পিতার নাম ১১. ধর্ম

---------------------------------- --------------------------------------

১২. জাতীয়তা ও ভোটার আইডি নং ১৩. নিজ জেলা

----

১৪. টেলিফোন/মুঠোফোন নম্বর ১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা ঃ

---------------------- ---------------------- ------------------------ -----------------

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র/নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

---------------------- ------------------- ------------------------ -------------------

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

--- -- ----------

১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

উত্তীর্ণ পরীক্ষার নাম	শিক্ষা প্রতিষ্ঠানের নাম	সিজিপিএ/বিভাগ/শ্রেণী		সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর
		সিজিপিএ স্কেল	প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড	
এস,এস,সি/সমমান				
এইচ,এস,সি/সমমান				
স্নাতক				

২০. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে)ঃ

২১. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা	চাকুরীর/পদের নাম ও বেতনক্রম	যোগদানের তারিখ	চাকুরী পরিত্যাগের তারিখ

২২. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে)
১।
২।

আমি শপথ করে বলছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ২(দুই) সেট অবিকল প্রতিলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িতপূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শণ করতে বাধ্য থাকবো।

------------------------ তারিখ

-------------------------- আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ সরকারী /আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

পাবনা
পল্লী
বিদ্যুৎ
সমিতি-২

ISO 9001:2015 CERTIFIED

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-২
কাশিনাথপুর, পাবনা।

এখানে পাসপোর্ট সাইজের এক কপি ছবি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করে স্ট্যাপলার পিন দিয়ে আটকিয়ে দিতে হবে।

মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

প্রবেশপত্র

(অফিস কর্তৃক পূরণীয়)

প্রার্থীর রোল নম্বর ঃ --

পরীক্ষার তারিখ ঃ --

পরীক্ষার সময় ঃ --

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ --

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ --

নিয়োগকারী **কর্তৃপক্ষ** বা তার মনোনীত প্রতিনিধির **স্বাক্ষর** ঃ ------------------------------------

(প্রার্থী/আবেদনকারী কর্তৃক পূরণীয়)

পদের নাম ঃ --

প্রার্থীর নাম ঃ --

প্রার্থী যে ঠিকানায় প্রবেশপত্র পেতে ইচ্ছুক ঃ পিতা/প্রযত্নে------------------------------------

গ্রাম/সড়ক------------------------------------ডাকঘর------------------------------------

উপজেলা------------------------------------জেলা------------------------------------

মোবাইল নম্বর--

প্রার্থী/আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশনাবলী

১। পরীক্ষার দিন অবশ্যই এ প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।

২। নির্ধারিত সময়ের অন্তত ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে/কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বইপত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ, মুঠো ফোন এবং ক্যামেরা আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার হলে ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

৫। চাকুরীর আবেদনপত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তরপত্র এবং অন্যান্য কাগজপত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

৭। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্র বিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন। কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনবোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। করোনা ভাইরাস (COVID-19) এর বিস্তার প্রতিরোধে প্রয়োজনীয় সুরক্ষা সামগ্রী (মাস্ক, হ্যান্ড গ্লোভস ইত্যাদি) ব্যবহার করে স্বাস্থ্য বিধি অনুসরণ পূর্বক পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।